সমকাল

তারিখ 19 SEP 2017
পৃষ্ঠা ৪ কলাম ৫

# জাতীয়করণ হলো আরও ১২টি কলেজ

■ সমকাল প্রতিবেদক

দেশের আরও ১২টি বেসরকারি কলেজ জাতীয়করণের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনা সম্মতি দিয়েছেন। গতকাল সোমবার এ বিষয়ে আদেশ জারি করেছে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ। এর আগেও কয়েক দফায় মোট ৬৩টি কলেজকে সরকারি করা হয়েছে।

নতুন জাতীয়করণ হওয়া কলেজগুলো হলো– রাজধানী ঢাকার মোহাম্মদপুর মডেল স্কুল অ্যান্ড কলেজ, মিরপুরের রূপনগর মডেল স্কুল অ্যান্ড কলেজ, শ্যামপুর মডেল স্কুল অ্যান্ড কলেজ, লালবাগ মডেল স্কুল অ্যান্ড কলেজ, চট্টগ্রাম মডেল স্কুল অ্যান্ড কলেজ, রাজশাহী মডেল স্কুল অ্যান্ড কলেজ, বরিশাল মডেল স্কুল অ্যান্ড কলেজ, খুলনা মডেল স্কুল অ্যান্ড কলেজ, সিলেট মডেল স্কুল অ্যান্ড কলেজ, কুমিল্লা শিক্ষা বোর্ড মডেল কলেজ, যশোর শিক্ষা বোর্ড মডেল স্কুল অ্যান্ড কলেজ এবং রাজশাহী শিক্ষা বোর্ড মডেল স্কুল অ্যান্ড কলেজ। সোমবার শিক্ষা মন্ত্রণালয়ে মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের উপসচিব আবু আলী মো. সাজ্জাদ হোসেন এ-সংক্রান্ত প্রজ্ঞাপনে সই করেন।